

বিশ্ব পরিবেশ দিবস-২০১৮ উপলক্ষে 'আমাদের পরিবেশ: আমাদের দায়িত্ব ও অর্জন' শীর্ষক সেমিনার



২৭ নভেম্বর, ২০১৮-মঙ্গলবার সকাল ১১.৩০ ঘটিকায় ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বিশ্ব পরিবেশ দিবস-২০১৮ উপলক্ষে 'আমাদের পরিবেশ: আমাদের দায়িত্ব ও অর্জন' শীর্ষক সেমিনার বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন। সেমিনারে 'আমাদের পরিবেশ: আমাদের দায়িত্ব ও অর্জন' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তর এর এইচবিআরআই এর সিনিয়র রিসার্চ অফিসার মো: আকতার হোসেন এবং আলোচনায় অংশগ্রহন করেন ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এ কিউ এম মাহবুব ও অধ্যাপক ড. নুরুল ইসলাম নাজেম। এসময় বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ সেমিনারে অংশগ্রহন করেন।